

গাইড বই (ম্যানুয়াল)



সমষ্টি উন্নয়ন (কমিউনিটি ডেভেলপমেন্ট)
ক্ষুদ্রবিত্ত (মাইক্রোফিনান্স), স্বনির্ভর গোষ্ঠী (SHG)
ও আয়-এর সংস্থান বৃদ্ধির (IGA) গাইড বই

পশ্চিমবঙ্গ বন ও জীববৈচিত্র্য সংরক্ষণ সোসাইটি
ব্লক এল বি-২, সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬

Binay Krishna Barman
Minister-in-Charge
Department of Forests
Government of West Bengal
Aranya Bhavan, 2nd Floor
Block - LA-10A, Sector-III, Salt Lake
Kolkata - 700 098
Tel - 2335 4040, Fax : 23354028



বিনয় কৃষ্ণ বর্মন
ভারপ্রাপ্ত মন্ত্রী
বনবিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
অরণ্য ভবন, দ্বিতীয় তল, ব্লক - এল,এ,-১০এ
সেক্টর-৩, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০ ০৯৮
টেলি : ২৩৩৫-৪০৪০, ফ্যাক্স : ২৩৩৫-৪০২৮

ভূমিকা

পশ্চিমবঙ্গ বন ও জীববৈচিত্র্য সংরক্ষণ প্রকল্প-এর অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হল সমষ্টি উন্নয়ন। পশ্চিমবঙ্গে বনপ্রান্তের গ্রামীণ দরিদ্র মানুষের বেশীরভাগই জীবিকা এবং অন্যান্য (জ্বালানী কাঠ, গোখাদ্য ইত্যাদি) প্রয়োজনের জন্য জঙ্গলের উপর নির্ভরশীল। সেই কারণে যৌথ বন পরিচালনা ব্যবস্থার মাধ্যমে বন সুরক্ষা কমিটি/বাস্তু উন্নয়ন কমিটি এবং স্ব-নির্ভর গোষ্ঠী গঠন করে বিকল্প আয় এবং জীবিকার সংস্থান করা জরুরী- যার ফলে জঙ্গলের উপর মানুষের নির্ভরতা কমবে এবং বনসম্পদ রক্ষায় ইতিবাচক ভূমিকা গ্রহণ করবে।

প্রাথমিক ভাবে এই কাজে ৬০০-টি জে.এফ.এম.সি (বন সুরক্ষা কমিটি/বাস্তু উন্নয়ন কমিটি)-তে ১২০০০ পরিবারকে যুক্ত করে ১২০০-টি স্বনির্ভর গোষ্ঠী গঠন করা হয়েছে।

এই কাজ সহজ ভাবে রূপায়ন করার জন্য প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিটের তরফ থেকে একটি গাইড বই প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই বইটির মাধ্যমে সমষ্টি উন্নয়ন, স্বনির্ভর গোষ্ঠী গঠন ও পরিচালনা, বিকল্প আয় এবং জীবিকার সংস্থান করার মাধ্যমে আয় বৃদ্ধিকারী কর্মসূচী সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করা হয়েছে।

আশাকরি, উক্ত কাজ সুষ্ঠুভাবে করার জন্য এই গাইড বইটি বনপ্রান্তের মানুষের বিকল্প আয়ের দিশা দেখাবে এবং বন ও বন্যপ্রাণ রক্ষায় ইতিবাচক ভূমিকা গ্রহণ করবে।

পশ্চিমবঙ্গ বন ও জীববৈচিত্র্য সংরক্ষণ প্রকল্পের এই উদ্যোগের সাফল্য কামনা করি।

কলকাতা
১২ অক্টোবর, ২০১৭

ভবদীয়

(বিনয় কৃষ্ণ বর্মন)
ভারপ্রাপ্ত মন্ত্রী, বনবিভাগ
পশ্চিমবঙ্গ সরকার

বিষয় সূচী

- | | |
|---|---------|
| ১) পশ্চিমবঙ্গ বন ও জীববৈচিত্র্য সংরক্ষণ প্রকল্প | ০১ |
| ২) সমষ্টির পরিকাঠামো উন্নয়নের কার্যক্রম (CID)
প্রয়োগের নিয়মাবলী | ০৫ |
| ৩) ক্ষুদ্রবিত্ত এবং আয়-এর সংস্থান বৃদ্ধির কার্যক্রম
রূপায়ণের নির্দেশাবলী | ০৯ |
| পরিশিষ্ট-১ ঋণের আবেদন পত্র | ১৯ |
| পরিশিষ্ট-২ নমুনা বন্ড/চুক্তিপত্র | ২০ |
| ৪) ব্যবসা উন্নয়ন পরিকল্পনা (উদাহরণ) | ২১ |

পশিমবঙ্গ বন ও জীববৈচিত্র্য সংরক্ষণ প্রকল্প

পশিমবঙ্গ বন ও জীববৈচিত্র্য সংরক্ষণ প্রকল্পের তত্ত্বাবধানে সমষ্টি উন্নয়নের (কমিউনিটি ডেভেলপমেন্ট) কর্মসূচী বাস্তবায়িত করার সূত্রাবলী

প্রেক্ষাপট :

DMU-এর প্রধান এবং তার সহকারী, ফ্রন্টলাইন বনকর্মী এবং বনসুরক্ষা পরিচালন কমিটি/স্বনির্ভর গোষ্ঠী (JFMC/SHG)-র সঙ্গে নিয়মিত আলোচনার মাধ্যমে অনুভূত হয়েছে যে, কমিউনিটি ডেভেলপমেন্টের (CD) জন্য অগ্রাধিকার ভিত্তিতে কাজ নির্বাচন করার জন্য কিছু কিছু জরুরী বিষয়ে গুরুত্ব দিতে হবে। বনসুরক্ষা পরিচালন কমিটি (JFMC)-র অনুপরিচালনা (মাইক্রোপ্ল্যান) অনুযায়ী সমষ্টি পরিকাঠামোর উন্নয়ন (কমিউনিটি ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট) এবং স্বনির্ভর গোষ্ঠী বা সেলফ হেল্প গ্রুপের (SHG) ক্ষুদ্রবিত্ত (মাইক্রো ফিন্যান্সিং) পরিচালনার কার্যক্রম ভালভাবে বাস্তবায়িত করার জন্য এই পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। যদিও এই নির্দেশিকা চূড়ান্ত নয় এবং এটি নির্দিষ্ট ব্যবধানে খতিয়ে দেখা এবং প্রয়োজন মত পরিবর্তন করা যেতে পারে।

উদ্দেশ্য :

এই নির্দেশিকা তৈরির উদ্দেশ্য হল যে, কমিউনিটি ডেভেলপমেন্টের (CD)-র কার্যক্রম যেন ভালভাবে চালানো যায়, যার ফলে সমষ্টির (কমিউনিটি) সম্পদ বৃদ্ধি পায়, বন সন্নিহিত এলাকার বনসুরক্ষা পরিচালন কমিটির (JFMC) সদস্যদের বনজ সম্পদের উপর নির্ভরতা কমে এবং বিকল্প আয়ের উপযুক্ত ক্ষেত্র তৈরী হয়।

ক) সমষ্টির পরিকাঠামো উন্নয়নের কার্যক্রমের নিয়মাবলী

- ১। যে কাজগুলি নেওয়া হবে সেগুলি যেন নির্দিষ্ট JFMC-র বার্ষিক অনুপরিচালনার (মাইক্রোপ্ল্যান) মধ্যে অন্তর্ভুক্ত থাকে। কিন্তু কখনো যদি কোন রকম পরিবর্তন করতে হয়, তা যেন অবশ্যই নির্দিষ্ট JFMC-র সাধারণ সভায় যথাযথ বিশ্লেষণ করা হয় এবং পরিবর্তনের সঙ্গত কারণও উল্লেখ করা হয়।
- ২। বার্ষিক প্ল্যান চূড়ান্ত করবার সময়, অনুপরিচালনা (মাইক্রোপ্ল্যান) অনুযায়ী একের বেশী কাজ মনোনীত করা যেতে পারে। কিন্তু তা যেন নির্দিষ্ট বরাদ্দকৃত অর্থের মধ্যেই থাকে এবং সেই কাজের উদ্দেশ্যেই যেন ব্যবহৃত হয়। স্কীমের বাইরে গিয়ে

কোন অবস্থাতেই কোন নির্দিষ্ট কাজকে ভাগ করা যাবে না। JFMC সদস্যদের কাছে আগে থেকেই এই বিষয় নিয়ে পরিষ্কার কথা বলে সিদ্ধান্ত নিতে হবে।

- ৩। সমষ্টির (কমিউনিটি) পরিকাঠামো সংক্রান্ত কাজকর্ম অবশ্যই সমষ্টির জমিতে বা অন্য কোন ব্যক্তিগত জমিতেও হতে পারে যেটা আইনত ভাবে সমষ্টির কাজের জন্যই দান করা হয়েছে। জঙ্গলের কোন জমি বা কোন সরকারী জমিতে এই ধরণের কাজ করা যাবে না। এই বিধি অবশ্যই মেনে চলতে হবে।
- ৪। অধিক সংখ্যক JFMC সদস্য যাতে সুযোগ সুবিধে পেতে পারে তেমন স্কীমে জোর দিতে হবে। যেমন - জল সঞ্চয় এবং ভূগর্ভস্থ জল সংরক্ষণ করার মধ্যে বাছতে হলে ভূগর্ভস্থ জল তোলার পদ্ধতির তুলনায় জল সঞ্চয় পদ্ধতির ওপর জোর দিতে হবে। গভীর নলকূপ অথবা পাম্প সেটের সাথে লাগানো মিনি টিউবওয়েল বিদ্যুৎ-এ চলার ব্যবস্থা করতে হবে।
- ৫। উপরোক্ত (৪) নং-এ লিখিত স্কীম যদি একান্তই অনু পরিকল্পনায় মনোনীত করা হয়, যথা - জল উত্তোলন পদ্ধতি - তবে তা করার জন্য ভাবা যেতে পারে। কারণ স্থানীয় জনসাধারণের কাছে জলই মৌলিক চাহিদা। বিশেষত পানীয় জল। এই কাজ করতে হলে সারকারী নিয়ম বিধি, গাইডলাইন, সংশ্লিষ্ট সরকারী দফতর বা এজেন্সি যেমন PHE, সেচ, SWID ইত্যাদির নিয়ম কঠোর ভাবে মেনে চলা উচিত, বিশেষ করে পাম্প সেট (HP) ব্যবহার করার ক্ষেত্রে। এবং পাইপের ব্যাস ইঞ্চিতে কতটা থাকবে সেই বিষয়ে সংশ্লিষ্ট সরকারী দফতর / এজেন্সির অনুমতি নিতে হবে।
- ৬। বন দফতরের এই প্রকল্প হল জঙ্গল সংলগ্ন অঞ্চলের বাসিন্দাদের আর্থিক ও সামাজিক অবস্থার উন্নতির জন্য নেওয়া একটি উদ্যোগ। তবে এটা অবশ্যই মাথায় রাখতে হবে যে এমন কোন স্কীম চালু করা যাবে না যা সরকারী নিয়ম কানুন লঙ্ঘন করে।
- ৭। বিশেষ কোন ক্ষেত্রে যেখানে গভীর নলকূপ খনন বা কুয়ো স্থাপন করতে হবে, সেখানে ভূগর্ভস্থ সঞ্চিত জলের পরিমাণ জানার জন্য রেজিস্টিভিটি পরীক্ষা (resistivity test) করতে হবে এবং বিদ্যুৎ সংযোগ আছে কি না দেখে নিতে হবে। JFMC সদস্যরা তাদের নেওয়া বৈদ্যুতিক সংযোগের মিটার অনুযায়ী আসা বিল মেটানোর বিষয়ে সাধারণ সভায় (জেনারেল বডি মিটিং) এই আলোচনা করবে ও তার সমাধান করে নেবে। এটা একদম পরিষ্কার করে বুঝে নিতে হবে

যে, বিদ্যুৎ সংযোগ এবং/অথবা তার বিল দেওয়ার ভার কোন ভাবেই বন দফতর নেবে না।

খ) স্বনির্ভর গোষ্ঠীর (SHG) ক্ষুদ্রবিত্তর মাধ্যমে আয়ের সংস্থানের কার্যক্রম (IGAs) :

- ১। স্বনির্ভর গোষ্ঠীর মধ্যে থেকে কোন একজন ব্যক্তি বা অল্প কয়েকজনের উপদলের পক্ষ থেকে সম্ভাব্য এবং স্থায়ী ব্যবসার পরিকল্পনার উপর জোর দেওয়া হবে। সমগ্র স্বনির্ভর গোষ্ঠীকে নিয়ে পকিঙ্গনা করাতে উৎসাহ দেওয়া হবে না। SHG নেতৃত্ব ক্ষুদ্র কোন প্রস্থাবকে খতিয়ে দেখার পর তা JFMC-র কাছে সুপারিশ করবে, যারা আবার DMU-এর প্রধানের কাছে তার সম্মতির জন্য আর্জি করবেন।
- ২। DMU প্রধান নির্ধারণ করবেন আনুমানিক খরচ এবং তার সাফল্যের সম্ভাবনা এবং স্থায়িত্ব। প্রথম বছরে জোর দেওয়া হবে, “দ্রুত টাকা ফেরত আসা এবং দৈনন্দিন লাভভিত্তিক ব্যবসার ওপর”। এর উদ্দেশ্য দলের সদস্যদের মধ্যে পুঁজির আবর্তন করার অভ্যেস তৈরী করা (ঋণ নেওয়া এবং শোধ দেওয়ার মাধ্যমে) কম সময়ের ব্যবধানে সহজ কিস্তিতে শোধ নিতে পারা যাতে পরের ধাপে আর একটু বেশী সময়কালের ভিত্তিতে ধার দেওয়া যেতে পারে।
- ৩। ব্যবসায় আবর্তন করার জন্য সামগ্রিক পুঁজির পরিমাণ হল ১,২৫,০০০/- টাকা। যদিও এই অঙ্কের টাকা একবারে দেওয়া হবে না। বরং অনুমোদিত ব্যবসায়িক পরিকল্পনায়, প্রয়োজনীয় অল্প অঙ্কের টাকা JFMCকে দেওয়া হবে DMU প্রধানের মাধ্যমে। যাতে দলের সদস্যরা যে ধার নেবে তাদের (একা বা ২/৩ জনের দলকে) JFMC দেখভাল এবং প্রয়োজনীয় পরামর্শ দিতে পারে।
- ৪। বন সম্প্রসারণ কর্মীরা তাদের দিনের কাজ দিনে শেষ করবে, পাশাপাশি লগ্নিকারীদের হিসাব সংরক্ষণের কাজও করবে। বেসরকারী সংস্থা (NGO) এই সামগ্রিক কার্যকলাপের সমন্বয় করবে এবং তাদের তত্ত্বাবধানে সব কাজ হবে। এর সাথে ব্যবসার সম্ভাবনা, বিপণন-এর সুবিধা এবং অন্য কোনভাবে যদি অর্থনৈতিক যোগসূত্র থাকে তবে তার বাস্তবোপযোগিতা অনুযায়ী ব্যবসার উন্নয়নের জন্য তা গ্রহণ করা হবে।
- ৫। DMUএবং FMU-এর প্রধানদের অফিসে অব্যবহৃত/অকেজো যন্ত্রপাতি যেগুলি আগের বছরের বিভিন্ন স্কীমে দেওয়া হয়েছিল তা ব্যবহার করার কোন সম্ভাবনা আছে কি না তা খতিয়ে দেখতে হবে যাতে প্রাথমিক ভাবে ব্যবসার খরচ কম রাখা

যায়। উদাঃ যদি বনসুরক্ষা পরিচালন কমিটির (JFMC) এবং স্বনির্ভর গোষ্ঠী (SHG) দলের সদস্যরা শাল প্লেট বানাতে উৎসাহী থাকে, তবে DMUs ও FMUs কে দেখে নিতে হবে পুরনো শাল প্লেট বানানোর যন্ত্র ব্যবহার করার অবস্থায় কারও কাছে কি না (রেঞ্জ অফিস, বীট অফিস বা অন্যত্র)।

- ৬। স্বল্পমেয়াদে ঋণ শোধ করার স্কীমে আবেদন করতে উৎসাহ দিতে হবে। তাতে ঋণের টাকা সহজে কম সময়ে আদায় হতে পারে। উদাহরণ স্বরূপ বলা যায় স্বল্পমেয়াদী আবর্তনে শস্য এবং সবজী চাষ করা।

সমষ্টির পরিকাঠামো উন্নয়নের কার্যক্রম (CIDAs) প্রয়োগের নিয়মাবলী

১) JFMC (FPC/EDC)-এর সাধারণসভা

- JFMC (যৌথ বন পরিচালন কমিটি)-এর সভাপতি (বিভাগীয় বনাধিকারিক) অথবা সরকারী প্রতিনিধি বন সংরক্ষণ কমিটি (FPC)/পরিবেশ-উন্নয়ন কমিটি (EDC) দের নিয়ে একটি সাধারণ সভা (GBM) ডাকবে যেখানে একটি সমষ্টির পরিকাঠামোর উন্নয়ন কার্যকলাপের (CID) জন্য প্রস্তাব/সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
- মোট সদস্যের মধ্যে ন্যূনতম ৬৬% GBM -এর অংশ নেওয়া বাধ্যতামূলক, না হলে ফোরাম হবে না। এর উদ্দেশ্য হল, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় বেশীর ভাগ JFMC সদস্যেরা যাতে কার্যকরী ভাবে অংশগ্রহণ করতে পারে।
- GBM-এ নেওয়া সিদ্ধান্ত লিখিত ভাবে রেকর্ড করা হবে এবং একটি আনুষ্ঠানিক প্রস্তাব পাস করা হবে CID কার্যকলাপ শুরু করার জন্য।
- উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত সমস্ত JFMC সদস্য সই করে পদাধিকারীদের স্ট্যাম্প দিয়ে বিভাগীয় বনাধিকারিকের দফতরে জমা দেবে, যিনি হলেন WBFBC প্রকল্পের ডিভিশনাল ম্যানেজমেন্ট ইউনিট (DMU) অফিসের প্রধান।

২। কি কাজ করা হবে

- গৃহীত অনুপরিকল্পনা (মাইক্রো প্ল্যান) অনুযায়ী JFMC কাজ করবে। গুরুত্ব এবং বরাদ্দ করা অর্থ অনুযায়ী কাজের ধরণ ঠিক করা হবে। GBM-এ যদি নতুন ধরণের কোন কাজ ঠিক হয়ে থাকে, যা অণু পরিকল্পনায় (মাইক্রো প্ল্যান) নির্দিষ্ট করা হয়নি, তা করা যাবে কেবল মাত্র উপযুক্ত ব্যাখ্যা লিখিত ভাবে দিলে।
- FPC/EDC-র তত্ত্বাবধানে নেওয়া প্রকল্পের জন্য নির্ধারিত কি কাজ করা হবে তা ঠিক করা হবে।
- একটি প্রকল্পের ব্যয় বাজেট-এর থেকে বেশী হয়ে গেলে তা অন্য কোন উৎস থেকে ব্যবস্থা করা যেতে পারে। যেমন - সমষ্টির সদস্যদের কাছ থেকে স্বেচ্ছায় চাঁদা তোলা, সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করা ইত্যাদি।
- গৃহীত কাজের তালিকা DMU প্রধানের কাছে পাঠাতে হবে ওনার অনুমোদনের জন্য।

অর্থের উৎস পরিষ্কার ভাবে গৃহীত প্রস্তাবে উল্লেখ করতে হবে। কত পরিমাণ টাকা কোনখান থেকে আসছে, অথবা পরিবার পিছু কত টাকা প্রদান করা হচ্ছে।

৩। পরিকল্পনা ও তা কার্যকর করার জন্য EPC/EDC প্রতিনিধি নির্বাচন

- DMU প্রধানের পরামর্শ অনুযায়ী JFMC-এর সদস্য সম্পাদককে (বিট অফিসার) সহায়তা করার জন্য EPC/EDC কে GBM-এ তিন জন সদস্য নির্বাচন করতে হবে, যারা বিভিন্ন ধাপে স্বাক্ষরসহ নিম্নলিখিত কাজগুলি করবে -
 - ❖ পরিকল্পনা (প্ল্যানিং) প্রতিনিধি :- বিভিন্ন পরিকল্পনা এবং তার হিসাব প্রস্তুত করার দায়িত্বে থাকবে
 - ❖ কার্যাবেক্ষণ (সুপারভিশন) প্রতিনিধি :- সমস্ত কাজ নজরদারি করা, লেখালেখি, কাজের মান নির্ণায়ক নোট বই (WMNB) খতিয়ে দেখা, ভাউচার/মাস্টার রোল প্রস্তুত করা ইত্যাদির দায়িত্বে থাকবে।
 - ❖ পেমেন্ট (খরচ) প্রতিনিধি :- সকল মালপত্র/ পরিষেবা নেওয়ার দাম এবং সামগ্রিকভাবে শ্রম ও জিনিসপত্র উপাদানের পারিশ্রমিক দেওয়ার দায়িত্বে থাকবে বিট অফিসারের সঙ্গে যৌথভাবে চেক সই-এর মাধ্যমে।
 - ❖ DMU নির্বাচিত সকল প্রতিনিধিকে যথাযথ ভাবে প্রস্তুত করবে, প্রয়োজনীয় ক্ষমতা ও অন্যান্য জরুরী উপকরণ (বই, ফরম্যাট, ভাউচার, মাস্টার রোল ইত্যাদি) দিয়ে। যাতে সব কাজ যথাযথ ভাবে রূপায়ণ করা যায় এবং সফলভাবে কার্যকরী ফলাফল পাওয়া যায়। (নির্দিষ্ট ফরম্যাট পরবর্তীকালে প্রদান করা হবে।)

৪। পরিকল্পনা এবং হিসেবের প্রস্তুতি

- DMU একটি ফরম্যাট প্রস্তুত করবে তথ্যসংকলনের জন্য এবং নির্বাচিত কার্যকলাপের পরিকল্পনা এবং তার জন্য সম্ভাব্য খরচ কি হবে তা দেখানোর জন্য এবং সেটি পরিকল্পনা প্রতিনিধি ও বিট অফিসারকে বুঝিয়ে দেবেন যাতে তা কার্যকরী ভাবে সম্পন্ন করা হয়।
- পরিকল্পনা প্রতিনিধি ও বিট অফিসারের একসাথে নির্বাচিত কাজের একটি পরিকল্পনা এবং তার জন্য সম্ভাব্য খরচ কি হবে তা প্রস্তুত করবে এবং DMU অফিস থেকে নির্ধারিত ফরম্যাটে তা সম্পূর্ণভাবে উল্লেখ করবে এবং সেইটা বুঝিয়ে দেবে JFMC সদস্যদের।
- পরিকল্পনা প্রতিনিধি ও বিট অফিসারের যুগ্ম স্বাক্ষরে পরিকল্পনা এবং তার জন্য সম্ভাব্য খরচের ফরম্যাট JFMC সদস্যরা DMU-র কাছে জমা দেবে অনুমোদনের জন্য।

- কোনো কোনো ক্ষেত্রে DMU প্রধান, পরিকল্পনা এবং তার জন্য সম্ভাব্য খরচ কি হবে তা প্রস্তুতিতে কোন প্রযুক্তিগত সাহায্যের জন্য FMU কর্মী/অথবা বাইরের এজেন্সি (সম্পর্কিত সরকারী দফতর) নিয়োগ করতে পারেন।
- DMU দ্বারা অনুমোদিত পরিকল্পনা এবং তার জন্য সম্ভাব্য খরচ হবে নির্বাচিত কাজ শুরু করার মূল ভিত্তি।

৫। পরিকল্পনা রূপায়ণ

- JFMC ই সিদ্ধান্ত নেবে, যে কাজটা করা হবে তা নিজেদের দলের সদস্যদের দ্বারা হবে (যদি সেই কাজে শুধু শ্রমিক উপকরণই মুখ্য থাকে) অথবা আংশিক বা সম্পূর্ণভাবেই বাইরের এজেন্সি বা ঠিকাদারকে কাজটা করতে দেওয়া হবে কি না।
- যদি যান্ত্রিক সুবিধা নিলে তুলনামূলকভাবে শ্রমিক ব্যবহারের থেকে বেশী ভালো হয়, তাহলে সেই সিদ্ধান্ত সাধারণ সভায় বা জেনারেল বডি মিটিং (GBM)-এই নেওয়া হবে।
- JFMC, DMU-এর সাথে আলোচনা করে একটি টেন্ডার ডাকতে পারে অথবা কোটেশন ডাকতে পারে বাইরের এজেন্সি/ঠিকাদারদের কাছে, যাতে কাজটি রূপায়ন করা যেতে পারে। JFMC-র সভাপতি বা চেয়ারম্যান (নির্দিষ্ট DFO) নিজেও এই টেন্ডার, কোটেশন ইত্যাদি ডাকার প্রক্রিয়া জারি করতে পারেন, যদি তা JFMC সাধারণ সভায় বা জেনারেল বডি মিটিং (GBM) স্থির হয়ে থাকে।

৬। রূপায়ণ, পর্যবেক্ষণ এবং গুণমান নিয়ন্ত্রণ

- JFMC, DMU-এর সাথে আলোচনা করে পর্যবেক্ষণ সূচক চিহ্নিত করবে, যাতে সামগ্রিক কার্যক্রম সম্পন্ন করার প্রক্রিয়ায় পর্যবেক্ষণ এবং গুণগত মান বোঝা যাবে।
- কার্যাবেক্ষণ (সুপারভিশন) প্রতিনিধি JFMC-র প্রতিনিধি সম্পাদককে সহায়তা করবে পর্যবেক্ষণ সূচক অনুযায়ী সঠিকভাবে কাজটি রূপায়ন করার জন্য।
- কার্যাবেক্ষণ (সুপারভিশন) প্রতিনিধি JFMC-র প্রতিনিধি সম্পাদককে সহায়তা করবে সশরীরে উপস্থিত থেকে কাজের গুণমান এবং পরিমাণ তত্ত্বাবধান ইত্যাদির মাধ্যমে।
- কার্যাবেক্ষণ (সুপারভিশন) প্রতিনিধি JFMC-র প্রতিনিধি সম্পাদককে সহায়তা করবে কাজের পরিমাণের নোট বই (WMNB) লিখতে এবং ভাউচার/মাস্টার রোল প্রস্তুত করতে।

- JFMC-র প্রতিনিধি সম্পাদক (বিট অফিসার) এবং কার্যাবেক্ষণ (সুপারভিশন) প্রতিনিধি যুগ্মভাবে নোট বই (WMNB), মাস্টার রোল/ভাউচার, পর্যবেক্ষণ রিপোর্ট সহ করবে এবং তা JFMC-র কাছে পাঠাবে। JFMC তা পুনরায় পরীক্ষা করে DMU প্রধানের কাছে অনুমোদনের জন্য পাঠাবে। সেই অনুযায়ী যার যা পারিশ্রমিক প্রাপ্য তা তাদের দেওয়া হবে।

৭। পারিশ্রমিক প্রদান করার পদ্ধতি

- JFMC তার বিদ্যমান ব্যাঙ্ক অ্যাকাউন্ট, যাতে বিট অফিসার যুগ্ম স্বাক্ষরকারী, সমষ্টির পরিকাঠামোর উন্নয়ন কার্যক্রম (CID)-এ কাজের জন্য ব্যবহার করবে। যে সব যৌথ ব্যাঙ্ক অ্যাকাউন্টে বিট অফিসার/মেম্বার সেক্রেটারী যুগ্ম স্বাক্ষরকারী নন, সেই ধরনের যৌথ ব্যাঙ্ক অ্যাকাউন্ট JFMC-র সমষ্টি পরিকাঠামো উন্নয়ন কার্যক্রমে (CIDA) কাজের জন্য গ্রাহ্য হবে না।
- এই কাজের জন্য JFMC কে দেওয়া হবে কাজ পরিমাপের নোট বই (WMNB), মাস্টার রোল/ভাউচার যা যুগ্মভাবে প্রতিনিধি সম্পাদক (বিট অফিসার) এবং কার্যাবেক্ষণ (সুপারভিশন) প্রতিনিধির দ্বারা স্বাক্ষরিত থাকবে, পরীক্ষা করে দেখার পর।
- যদি কোন এজেন্সি বা ঠিকাদার কাজে নিযুক্ত হয় তবে তাদের বিল JFMC কে দেওয়া হবে।
- প্রতিটি বিল/ভাউচার সহ ফাইনাল বিল থেকে প্রচলিত ট্যাক্স যথাযথ ভাবে আদায় করা JFMC কে নিশ্চিত করতে হবে।
- যাবতীয় আদায়কৃত ট্যাক্স জমা দেওয়ার দায়িত্ব JFMC কে বহন করতে হবে, DMU-এর মাধ্যমে যা জমা হবে।
- JFMC-র প্রতিনিধি সম্পাদক (বিট অফিসার) একটি সারাংশ (সামারি) বিল প্রস্তুত করবে যা যুগ্মভাবে পারিশ্রমিক (পেমেন্ট) প্রতিনিধি বিল, পরিমাপ বই, মাস্টার রোল/ভাউচার, পর্যবেক্ষণ (মনিটরিং) রিপোর্ট ইত্যাদি স্বাক্ষর করবে। যেটি JFMC কে DMU-র প্রধানের অনুমোদনের জন্য জমা দিতে হবে।
- DMU প্রধান বিল গুলি পরীক্ষা করে দেখবেন তা সকল নিয়ম মেনে হয়েছে কি না, সন্তোষজনক হলে টাকা JFMC অ্যাকাউন্টে পাঠাবেন এবং তার সাথে টাকা পাঠানোর উদ্দেশ্যের বিবরণ বিশদে লেখা থাকবে।
- উল্লিখিত স্বাক্ষরকারীরা নির্দিষ্টকৃত ব্যক্তি/এজেন্সিকে তাদের প্রাপ্য পারিশ্রমিক প্রদান করবে চেক অথবা ব্যাঙ্ক ট্রান্সফার দ্বারা।
- JFMC পারিশ্রমিক এবং রিসিট সংক্রান্ত লেজার/রেজিস্টার বজায় রাখবে।

ক্ষুদ্রবিত্ত এবং আয়-এর সংস্থান বৃদ্ধির কার্যক্রম রূপায়ণের নির্দেশাবলী

১) প্রেক্ষাপট

পশ্চিমবঙ্গ বন এবং জীববৈচিত্র্য সংরক্ষণ প্রকল্পের (WBFBCP) অন্তর্ভুক্ত ৫৭৬টি EPC এবং ২৪টি EDC-র মধ্য থেকে ১২০০ টি স্বনির্ভর গোষ্ঠী (SHG) নির্বাচন করে এই কাজ করা হবে। এই প্রকল্পে ক্ষুদ্রবিত্ত সহায়তা FPC/EDC-দের (এরপর থেকে JFMC উল্লেখ করতে হবে) দেওয়ার ব্যবস্থা আছে, যা JFMC অঞ্চলের দুটি করে স্বনির্ভর গোষ্ঠীরা (SHG) কাজে লাগাতে পারবে। ক্ষুদ্র আকারে কোন কাজের সংস্থান করার এই কার্যক্রমে তাদের অন্তর্ভুক্ত করে তাদের জীবনযাপনের মান বাড়ানো যাবে। এই প্রকল্পের অনেক সুযোগের ব্যবস্থা থাকবে, যা স্বনির্ভর গোষ্ঠী (SHG) সদস্যদের সক্ষমতা বৃদ্ধি করবে। যার ফলে তারা নিজেরাই নতুন কর্ম প্রচেষ্টার উদ্যোগ নিয়ে প্রতিষ্ঠান তৈরী করতে পারবে। স্বনির্ভর গোষ্ঠী (SHG) দের মধ্যে থেকেই সঠিক ভাবে সনাক্ত করে তাদের বিষয়ে বিশদে মূল্যায়ন প্রক্রিয়ার শেষে বিদ্যমান দলে তাদেরকে সংযুক্ত করার পর অনেক ক্ষেত্রেই যথেষ্ট অর্থবহ উন্নতি হওয়ার সম্ভাবনা আছে।

প্রস্তাবিত নির্দেশিকাতে জোর দেওয়া হয়েছে ক্ষুদ্রবিত্ত প্রয়োগ এবং আয়-এর সংস্থান বৃদ্ধির কার্যক্রমের ওপর। তার সাথে WBFBCP-র সাথে প্রাসঙ্গিক ক্ষুদ্রবিত্তের সহায়তা, স্বনির্ভর গোষ্ঠী (SHG) দ্বারা ব্যবসার প্ল্যান করা, সেই প্ল্যানের মূল্যায়ন ও অনুমোদন করা, ব্যবসার সম্ভাবতা ও কার্যকারিতা মূল্যায়ন করা, IGA-র সাফল্যের জন্যে আগের ও পরের বিভিন্ন যোগসূত্র নিশ্চিত করা, ব্যাঙ্কের সাথে আর্থিক যোগসূত্র তৈরী করা, পর্যবেক্ষণ ও রিপোর্টিং ব্যবস্থা, SHGs ও JFMC সহ বিভিন্ন অংশীদারদের ক্ষমতা বৃদ্ধি করা, বাইরের এজেন্সির সাথে যোগাযোগ রাখা প্রয়োজন তাদের বিশেষ ইনপুটের জন্য।

২) ক্ষুদ্রবিত্ত (মাইক্রোফিনান্স) পরিষেবা

- JFMC-র উপদল হিসেবে চিহ্নিত স্বনির্ভর গোষ্ঠীগুলি (SHG) ক্ষুদ্রবৃত্তি পরিষেবার সহায়তায় আয়-এর সংস্থান বাড়ানোর কার্যক্রমের (IGA) মাধ্যমে তাদের জীবন যাত্রার মান বাড়াতে পারবে।
- PMU প্রতিটি JFMC-র জন্য ক্ষুদ্রবৃত্তি পরিষেবার ১,২৫,০০০ টাকা বরাদ্দ করেছে। প্রতি JFMC পিছু ২টি করে স্বনির্ভর গোষ্ঠী (SHG) ৬২,৫০০/- টাকার সহায়তা পাবে।

- JFMC-র নামে আলাদা করে একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হবে, যেটি বর্তমানে বিদ্যমান নিয়মানুসারেই কার্যকর হবে।
- JFMC-র মাধ্যমেই স্বনির্ভর গোষ্ঠী (SHG) গুলি (দুটি করে) ক্ষুদ্রবিত্ত পরিষেবার সহায়তা পাবে। নির্বাচিত সকল স্বনির্ভর গোষ্ঠী (SHG)কেই একটি বিশদ প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হবে, এর পর PMU দ্বারা অনুমোদিত হলে ক্ষুদ্রবিত্ত পরিষেবার বরাদ্দকৃত অর্থ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।
- ক্ষুদ্রবিত্ত পরিষেবার উদ্দেশ্য আয়-এর সংস্থান তৈরি করে অথবা ছোট আকারের শিল্পদ্যোগের মাধ্যমে নির্দিষ্ট সমষ্টির জীবনধারণের মান উন্নয়ন করা। সেই কারণে কোন রকম সামাজিক কারণ বা ব্যক্তিগত খরচের জন্য এই পরিষেবা প্রদান করা হবে না।
- যে সকল স্বনির্ভর গোষ্ঠী (SHG) গুলি বর্তমানে বিদ্যমান গোষ্ঠীর মধ্যে থেকেই নির্বাচিত হচ্ছে বিভিন্ন বিশদ মূল্যায়ন পদ্ধতির মাধ্যমে, তারা প্রত্যেকে কম বেশী প্রতিষ্ঠিত দলই। ফলত তাদের সাথে আর্থিক সাহায্য পাওয়া যায় এমন বিভিন্ন সংস্থার সাথে ভাল যোগাযোগ আছে। তাই WBFBCP-র তত্ত্বাবধানে নির্দিষ্ট সমষ্টির জীবনধারণের মান বৃদ্ধি, আয় বৃদ্ধির উদ্দেশ্যে ক্ষুদ্রবিত্ত পরিষেবা যাতে কার্যকরীভাবে ব্যবহার করা হয় সেটাই প্রকল্পের মূল্য লক্ষ্য।
- স্বনির্ভর গোষ্ঠী (SHG) গুলি তাদের আভ্যন্তরীণ প্রক্রিয়া যথা - নিয়মিত মিটিং করা, নিয়মিত সঞ্চয় করা, স্বতন্ত্রভাবে সদস্যদের ঋণ দেওয়া, আভ্যন্তরীণ ধারের ক্ষেত্রে পরিষেবা ব্যয় স্থির করা, ঋণ দেওয়া টাকা ফেরত পাওয়া, বুক কিপিং, অ্যাকাউন্ট কিপিং, আর্থিক সংস্থাগুলির সাথে যোগসূত্র স্থাপন করা ইত্যাদি বজায় রাখবে। প্রকল্পের মূল লক্ষ্য থাকবে এই সকল প্রক্রিয়ার মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি নিশ্চিত করা যা ক্ষুদ্রবিত্ত পরিষেবার সহায়তায় আরও কার্যকর হতে পারে এবং নির্দিষ্ট সমষ্টির জীবন ধারণের জন্য বিভিন্ন ধরনের আয়ের উৎস রূপায়ণ করে জীবন যাত্রার মান বাড়াতে পারে।

৩) ক্ষুদ্রবিত্ত পরিষেবা পাওয়ার ভিত্তি

- গোষ্ঠীর মধ্যে নির্বাচিত সদস্য বা দলের জন্য নির্বাচিত স্বনির্ভর গোষ্ঠী (SHG) দেরই ব্যবসার পরিকল্পনা প্রস্তুত করতে হবে। সেই প্ল্যানের ভিত্তিতেই ক্ষুদ্রবিত্ত পরিষেবা পাওয়া যাবে আয়ের সংস্থান বাড়ানোর জন্য এবং তা অবশ্যই সেই নির্দিষ্ট স্বনির্ভর গোষ্ঠী (SHG)র ও নির্দিষ্ট JFMC দ্বারা অনুমোদিত এবং সুপারিশকৃত হবে।

- আয়ের সংস্থান বাড়ানোর কার্যক্রম অণুপরিকল্পনাতে অন্তর্ভুক্ত হতে পারে (মাইক্রোপ্ল্যান) অথবা ব্যবসার পরিকল্পনা করার সময় নির্বাচিত স্বনির্ভর গোষ্ঠীও (SHG) প্রস্তাব করতে পারে।
- নিজের গোষ্ঠীর সদস্য বা ছোট দলের জন্য স্বনির্ভর (SHG) গোষ্ঠী দ্বারা প্রস্তাবিত ব্যবসার পরিকল্পনার আবেদন পত্র নির্ধারিত ফরম্যাট অনুযায়ী লিখে JFMC-র কাছে জমা দিতে হবে পরীক্ষা করে অনুমোদন পাওয়ার জন্য। (পরিশিষ্ট-১)
- JFMCs-র কাছে জমা দেওয়া SHG দ্বারা প্রস্তাবিত ব্যবসার পরিকল্পনায় মূলত এই দিকগুলি থাকতে পারে। যথা :
 - ❖ প্রস্তাবিত কাজের ধরণ
 - ❖ সুফলভোগীর সংখ্যা
 - ❖ একক বা দলগত যাই হোক না কেন, প্রযুক্তির সাথে পরিচিত থাকা
 - ❖ ব্যবসা এগিয়ে নিয়ে যেতে জ্ঞান, দক্ষতা এবং প্রযুক্তির সাথে পরিচিত থাকতে হবে
 - ❖ ব্যবসা চালানোর জন্য প্রয়োজনীয় কাঁচামালের যোগান থাকতে হবে
 - ❖ সামগ্রিক খরচ যতটা লাগবে (আবর্তক ও অ-আবর্তক ও দুই ধরণেরই)
 - ❖ স্বনির্ভর গোষ্ঠী (SHG)- র অবদান
 - ❖ অন্য উৎস থেকে নেওয়া টাকার পরিমাণ, যদি প্রকল্পের সহায়তা পর্যাপ্ত না হয়
 - ❖ সম্ভাব্যতা মূল্যায়ন
 - ❖ মার্কেটিং/বিপনন যোগসূত্র/মূল্য শৃঙ্খল
 - ❖ ব্যবসার সময়সীমা
 - ❖ লাভযোগ্যতা বিশ্লেষণ
 - ❖ ঋণ পরিশোধের সময়সীমা ইত্যাদি
- যদি কোন ক্ষেত্রে স্বনির্ভর গোষ্ঠী (SHG) তার দলের প্রত্যেক সদস্যের জন্য স্বতন্ত্রভাবে IGA-র বিষয় মাথায় রেখে ব্যবসার প্রস্তাব দেয়, সেক্ষেত্রে স্বনির্ভর গোষ্ঠী (SHG) দলের সদস্যদের স্বতন্ত্রভাবেই ঋণ দিতে পারে নিয়মানুসারেই, কিন্তু তা নির্ভর করবে মূল পুঁজিতে তাদের ঋণ শোধ করবার ক্ষমতা, স্বনির্ভর

গোষ্ঠী (SHG) মিটিং-এ তাদের উপস্থিতির হার, এবং তাদের অবদান ইত্যাদির উপর। সেক্ষেত্রে ঋণের উপর পরিষেবা ব্যয়, ঋণশোধ করবার সময়সীমা, সর্বোচ্চ ঋণের সীমা এবং পুঁজির ব্যবহার কিভাবে হবে তা স্বনির্ভর গোষ্ঠী (SHG) সদস্যরাই ঠিক করবে তাদের সাধারণ সভায়।

৪) আর্থিক প্রতিষ্ঠানগুলির সাথে যোগাযোগ

- কোন প্রকল্পে যদি ক্ষুদ্রবিত্ত পরিষেবার সহায়তা প্রস্তাবিত ব্যবসায়িক পরিকল্পনার জন্য পর্যাপ্ত না হয়, তাহলে সেক্ষেত্রে সেই প্রকল্পের জন্য স্বনির্ভর গোষ্ঠী (SHG) দের ব্যাঙ্ক থেকে আর্থিক সহায়তা নিতে হতে পারে। কিন্তু সেটাও সেই নির্দিষ্ট ব্যাঙ্কের সাথে তাদের আগের ইতিহাস কেমন আছে এবং স্বনির্ভর গোষ্ঠী (SHG)-র জন্য ব্যাঙ্কে থাকা কর্পাস ফান্ডে তারা নিয়মিত কতটা সঞ্চয় করে তার ওপর নির্ভর করবে।
- এই সব ক্ষেত্রে যদি ব্যাঙ্ক থেকে ঋণ নিতে চায়, তবে প্রকল্প থেকেই ব্যাঙ্ককে সহায়তা করা হবে মূল্যায়ন করতে যে, স্বনির্ভর গোষ্ঠী (SHG) রা ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার জন্য যোগ্য কি না।

৫) ব্যবসার পরিকল্পনা তৈরী করবার জন্য সদস্যদের প্রশিক্ষণ এবং সক্ষমতা বৃদ্ধি

- প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (PMU)/প্রজেক্ট ম্যানেজমেন্ট কম্পাল্ট্যান্ট (PMC) স্বনির্ভর গোষ্ঠীদের (SHG) ব্যবসায়িক পরিকল্পনার বাস্তবায়িত করবার জন্য প্রয়োজনীয় ফরম্যাট/টেমপ্লেট তৈরি করবে।
- PMU/PMC ডিভিশনাল ম্যানেজমেন্ট ইউনিট এবং বেসরকারী সংস্থা (NGO) দের জন্য SHG দের ব্যবসায়িক পরিকল্পনার এর সম্ভাব্যতা মূল্যায়ন তৈরীর ওপর সম্যক জ্ঞানের জন্য একটি বিশেষ প্রোগ্রামের (ওরিয়েন্টেশন প্রোগ্রাম) ব্যবস্থা করবে।
- NGOরা JFMC সদস্য, স্বনির্ভর গোষ্ঠী (SHG) প্রতিনিধি এবং বন সম্প্রসারণ কর্মীদের ব্যবসায়িক পরিকল্পনা তৈরীর জন্য প্রশিক্ষণ দেবে।
- ব্যবসায়িক পরিকল্পনা তৈরীর জন্য বনসম্প্রসারণ কর্মীরা স্বনির্ভর গোষ্ঠীদের (SHG) হাতে কলমে সহায়তা দেওয়ার জন্য দায়বদ্ধ থাকবে।
- NGOরা বনসম্প্রসারণ কর্মী ও স্বনির্ভর গোষ্ঠীদের (SHG) সরাসরি সহায়তায় ব্যবসায়িক পরিকল্পনার গুণগত মান পরীক্ষা করবে।

৬) ব্যবসার পরিকল্পনা তৈরী করা

- সহজ বাংলায় সকল স্বনির্ভর গোষ্ঠীদের (SHG) কাছে ব্যবসায়িক পরিকল্পনার ফরম্যাট/টেমপ্লেট প্রদান করতে হবে।
- স্বনির্ভর গোষ্ঠীদের (SHG) ব্যবসার পরিকল্পনা সেই ফরম্যাট/টেমপ্লেট অনুযায়ী প্রস্তুত করতে হবে।
- NGOরা স্বনির্ভর গোষ্ঠীদের (SHG) প্রস্তুত করা ব্যবসার পরিকল্পনা পরীক্ষা ও মূল্যায়ন করতে JFMCদের সহায়তা করবে।
- স্বনির্ভর গোষ্ঠীর (SHG) কাছ থেকে আশা করা হবে যে, তারা তাদের ব্যাঙ্কে সঞ্চয় করা টাকা বা কর্পাস ফান্ড থেকে পাওয়া টাকা থেকেই তারা তাদের প্রস্তাবিত খরচের সংকুলান করবে।

৭) ব্যবসার পরিকল্পনার মূল্যায়ন

- SHG-র ব্যবসা পরিকল্পনা (প্ল্যান) যেটি বন দফতরের ফ্রন্টলাইন কর্মীদের সাথে পরামর্শ করে বন সম্প্রসারণ কর্মী/NGO) এবং PMU কর্তা দ্বারা যাচাই করা হয়েছে, তা SHGদের নির্দিষ্ট JFMCর কাছে অনুমোদনের জন্য পাঠাতে হবে।
- প্রাথমিক স্তরে NGOরা JFMCদের সহায়তা করবে ব্যবসা পরিকল্পনা মূল্যায়ন করতে এবং তার পদ্ধতি JFMCদের বোঝাতে হবে।
- পরবর্তী ধাপে আশা করা হবে যে, JFMC রা NGOদের কার্যকর ভাবে দেওয়া তথ্য এবং নিজেদের দক্ষতায় নিজেরাই স্বনির্ভর গোষ্ঠীর (SHG) ব্যবসা পরিকল্পনা (প্ল্যান) মূল্যায়ন করতে পারবে।
- JFMC স্বনির্ভর গোষ্ঠীর (SHG)-র ব্যবসা পরিকল্পনা পরীক্ষা করবে নিম্ন লিখিত বিষয়গুলি মাথায় রেখে :
 - ❖ ব্যবসা পরিকল্পনার প্রযুক্তিগত সম্ভাব্যতা এবং আর্থিক বাস্তবোপযোগিতা/ কার্যকারীতা
 - ❖ আগের ও পরের যোগসূত্র {সংগ্রহ (প্রকিউরমেন্ট) ও বিপণন (মার্কেটিং)}
 - ❖ ব্যাঙ্কে কত পরিমাণ কর্পাসফান্ড অথবা সঞ্চয় রয়েছে
 - ❖ SHGদের সমগ্র প্রকল্পতে তাদের কর্পাস/সঞ্চিত টাকা থেকে দেওয়ার মানসিকতা কতটা আছে

- ❖ কাজের রূপায়নের সময়সীমা
- ❖ ঋণশোধ করার সময়সীমা

৮) ব্যবসার পরিকল্পনার অনুমোদন

- ব্যবসা পরিকল্পনা বিশদে পরীক্ষা করবার পর তা নিয়ে আলোচনা এবং তার সম্মতি JFMC সাধারণ সভাতে সম্পন্ন করা হবে।
- JFMC ব্যবসার পরিকল্পনা ভালভাবে পরীক্ষা ও যাচাই করবার পর যতটা প্রয়োজন সেই অনুযায়ী ঋণের আবেদন করা হয়েছে কি না তা বিবেচনা করবে অনুমোদনের আগে।
- সমগ্র প্রক্রিয়াটি JFMC-র প্রসিডিং রেজিস্টারে রেকর্ড হিসেবে লিপিবদ্ধ থাকবে। সেই তথ্যগুলি পরে অনুমোদিত প্রস্তাবের রেকর্ড হিসেবে গণ্য হবে :
 - ❖ আবেদনকারী/আবেদনকারীদের নাম
 - ❖ স্বনির্ভর গোষ্ঠীর (SHG) নাম
 - ❖ আয় সংস্থান কার্যক্রমের (IGA) নাম
 - ❖ আবেদিত এবং অনুমোদিত অঙ্কের পরিমাণ
 - ❖ ঋণ অনুমোদন না হওয়ার কারণ
 - ❖ জামিনদারের নাম
 - ❖ ঋণের প্রথম এবং পরবর্তী কিস্তির পরিমাণ
 - ❖ ঋণশোধ করার আসলের প্রথম কিস্তির তারিখ
 - ❖ ঋণশোধ করার সময়সীমা
 - ❖ ঋণশোধ করার প্রতি কিস্তির পরিমাণ
 - ❖ যেই তারিখ থেকে পরিশেবা ব্যয় ধার্য করা হবে
 - ❖ মাসিক প্রশাসনিক চার্জের পরিমাণ
 - ❖ আরোপিত কোন বিশেষ অবস্থা
- সাধারণ সভায় অনুমোদন হওয়া ঋণের রেসলিউশনের রেকর্ড JFMC রেখে দেবে। এটি একটি নম্বর দিয়ে চিহ্নিত করা হবে। প্রয়োজন অনুসারে সেই নম্বর উল্লেখ করতে হবে।

- ঋণের আবেদন পত্র নির্দিষ্ট FMU প্রধানের সুপারিশের পর DMU প্রধানদ্বারা গৃহীত এবং অনুমোদিত হয়ে গেলে একটি অনুমোদন পত্র JFMCকে ঋণ অনুমোদন খাতে দেবে ভবিষ্যৎ-এ বিভিন্ন ক্ষেত্রে উল্লেখ করার জন্য।

৯) ক্ষুদ্রবিভ পুরিষেবায় টাকা প্রদান করা

- স্বনির্ভর গোস্টি (SHG) ঋণ দেওয়ার জন্য JFMCকে একটি আবেদন করবে। সমস্ত নিয়মাবলী মেনে চলছে কি না খতিয়ে দেখে ঋণগ্রহীতার (পরিশিষ্ট-II) একটি স্বাক্ষরিত বন্দ/চুক্তিপত্র পাওয়ার পর সেই ঋণের টাকা পাওয়া যাবে।
- ব্যবসার ধরণ অনুযায়ী JFMC সিদ্ধান্ত নেবে কতগুলি কিস্তি নেওয়া হবে।
- স্বনির্ভর গোস্টি (SHG) আগের কিস্তির ব্যবহারিক সংশাপত্র (ইউটলাইজেশন সার্টিফিকেট) দেখাবে পরের কিস্তির পাওয়ার জন্য।
- কোন ব্যতিক্রমী ক্ষেত্রে হতে পারে স্বনির্ভর গোস্টিদের (SHG) ৬২,৫০০/- টাকা একবারেই চাই, তাহলে সেক্ষেত্রে জেনারেল বডি তা অনুমোদন করতে পারে, কি ধরণের ব্যবসা তা ভালো ভাবে দেখে নিয়ে এবং তার ওপর উপযুক্ত শর্ত আরোপ করে।
- পেমেন্ট দেওয়া হবে অনলাইন বা চেকে। কোন অবস্থাতেই নগদ টাকায় পেমেন্ট দেওয়া হবে না।
- কিস্তিতে টাকা ছাড়ার আগে NGOরা এবং DMUরা সবিস্তারে সব কিছু দেখে পরীক্ষা করে দেবে।

১০) সহায়ক পুঁজির সদ্যবহার

- প্রকল্পের স্বীকৃতি পাওয়ার পর SHG সম্ভাব্য এবং স্থায়ী ব্যবসা পরিকল্পনার খাতে আবেদনকারীদের জন্য সহায়ক পুঁজির সদ্যবহারের বিষয়ে JFMCর কাছে একটি খরচের শংসাপত্র পাঠাবে।

১১) ঋণশোধ

- DMU এবং NGO-র পরামর্শে ঋণের সময়সীমা এবং শোধ করার সময়তালিকা নির্ধারণ করবে JFMC। কিন্তু ঋণ শোধ করার সময়কাল ১৮ মাসের বেশী কোন ভাবেই হবে না।
- JFMCর কাছে ঋণ শোধ করা “ধার করেছে এমন SHG-র সকল সদস্যদেরই

সম্মিলিত দায়িত্ব”। JFMC নির্ধারিত সময়সীমা মাথায় রেখে নির্দিষ্ট সদস্যদের কাছে পাওনা পরিষেবা ব্যয় সহ কিস্তির টাকা সংগ্রহ করবে।

- JFMC যদি কোন প্রশাসনিক চার্জ প্রস্তাব করে/চেয়ে থাকে, তাহলে তা অবশ্যই নির্দিষ্ট SHG এবং JFMCর মধ্যে নিজেদের মধ্যে আগে থেকেই সিদ্ধান্ত নিতে হবে। এ ব্যাপারে বন দফতর কোনও হস্তক্ষেপ করবে না। কিন্তু তা যেন কোন অবস্থাতেই ব্যাকের ধার্য করা সুদের থেকে বেশী না হয়।
- স্বনির্ভর গোষ্ঠী (SHG) কোনভাবেই JFMCকে করা ঋণ শোধের সাথে, স্বতন্ত্রভাবে ঋণ নিয়ে শোধ না করতে পারা অন্য সদস্যর ঋণের সাথে যুক্ত করতে পারবে না।
- স্বনির্ভর গোষ্ঠীর (SHG) যে সদস্য ঋণশোধ করতে পারবে না সেই সদস্যকে নিয়মানুসারেই গোষ্ঠীকে সামলাতে হবে। ঋণ শোধে বাকী পড়ে গেলে, স্বনির্ভর গোষ্ঠী (SHG)-র অন্যান্য সদস্যরা সেই টাকা জোগাড় করে JFMCর নির্ধারিত সময়তালিকা অনুযায়ী তা শোধ করবে।
- উপায় থাকলে JFMC-র ঋণ শোধের ক্ষেত্রে অনলাইন বা চেক দিয়ে শোধ করতে উৎসাহ দেওয়া হবে।
- স্বনির্ভর গোষ্ঠী (SHG) JFMC কে যে পেমেন্ট করবে, তার একটা রিসিট যেন ঋণ নেওয়া স্বনির্ভর গোষ্ঠী (SHG) পায় তা খেয়াল রাখতে হবে।

১২) সহায়তা/ফেসিলিটিসন পরিষেবা

- বন সম্প্রসারণ কর্মীদের অবশ্যই নিয়মিতভাবে স্বনির্ভর গোষ্ঠী (SHG) এবং JFMCদের মিটিং-এ অংশগ্রহণ করতে হবে, যাতে তারা সব রকম আলোচনা, ফলো আপ করতে পারে বা প্রয়োজনীয় প্রক্রিয়া WBFBCP কর্তৃক নিয়মাবলীর সাথে মিলিয়েও নিতে পারে।
- বন সম্প্রসারণ কর্মীরা সহায়তা করবে JFMC ও স্বনির্ভর গোষ্ঠী (SHG) দের সকল রেকর্ড বজায় রাখতে এবং অ্যাকাউন্ট বই WBFBCP কর্তৃক নিয়মাবলীর সাথে মিলিয়ে দেখতে। সব থেকে জরুরী রেকর্ড যা রাখা হয় সেগুলির মধ্যে থাকে -
 - ❖ ঋণের আবেদন পত্র/প্রোপোজাল ফাইল
 - ❖ প্রসিডিং রেজিস্টার

- ❖ ঋণ/লোন রেজিস্টার
 - ❖ ঋণশোধ রেজিস্টার
 - ❖ রিসিট বই
 - ❖ চুক্তিপত্র/বন্ড
 - ❖ ক্যাশ বই/ব্যাঙ্কের পাস বই
- DMUএর নির্দেশানুসারে বন সম্প্রসারণ কর্মীদের নিয়মিত সহায়ক এবং ফলোআপ কার্যকলাপে অংশগ্রহণের পাশাপাশি NGO দেও নিয়মিত মেয়াদ অন্তর JFMC এবং স্বনির্ভর গোষ্ঠী (SHG)র মিটিং-এ অংশগ্রহণ করতে হবে।
 - NGO রা JFMC এবং স্বনির্ভর গোষ্ঠী (SHG)-র মিটিং-এ অংশগ্রহণ করবে মূলত যে কোন সময় কোন রকম মতবিরোধ দেখা দিলে তার সমাধান করতে।
 - যদি কোন ক্ষেত্রে মতবিরোধ মেটাতে NGO রা অসমর্থ হয়, সেক্ষেত্রে DMU অথবা তার প্রতিনিধি স্বরূপ FMU অংশগ্রহণ করবে।
 - ব্যবসার ধরণ অনুযায়ী NGO রা বাজারের সাথে যোগাযোগ ঘটাতে SHGদের সাহায্য করার দায়িত্বে থাকবে।
 - DMU যদি মনে করেন, সেক্ষেত্রে NGO রাই আর্থিক সহায়তার জন্য যেখানে SHGদের অ্যাকাউন্ট আছে সেই ব্যাঙ্কের সাথে যোগাযোগ স্থাপন করার দায়িত্বে থাকবে।

১৩) পর্যবেক্ষণ ও প্রতিবেদন (মনিটরিং ও রিপোর্টিং)

- PMU/PMC ক্ষুদ্রবিত্ত ও IGA-র কার্যকরীভাবে ব্যবস্থাপনা ও বাস্তবায়ন করার জন্য পর্যবেক্ষণ ও মূল্যায়ণ [মনিটরিং ও ইম্পালুয়েশন (M&E)]-এর একটি ব্যবস্থা করবে।
- পর্যবেক্ষণ ও মূল্যায়ণ [মনিটরিং ও ইম্পালুয়েশন (M&E)] ব্যবস্থায় NGO-র সহায়তায় JFMC-র থেকে নিয়মিত প্রতিবেদন (রিপোর্টিং) পেশ করতে হবে, যাতে সময় মত DMU ও FMU এর থেকে মতামত গ্রহণ করা যায়।
- ঋণ চলাকালীন নিয়মিতভাবে JFMC-র সাথে বন সম্প্রসারণ কর্মীরা SHG অ্যাকাউন্ট পর্যালোচনা (রিভিউ) করবে। বন সম্প্রসারণ কর্মীরা অনুমোদিত ঋণের টাকা সঠিক খাতে ব্যয় হচ্ছে কিনা নজর রাখবে এবং কি বুঝতে পারছেন তার রিপোর্ট নির্দিষ্ট সময় অন্তর JFMC দেও কাছে পাঠাতে থাকবে।

- তথ্য সংগ্রহ, রেকর্ড রাখা এবং রিপোর্ট করার বিষয়ে বন সম্প্রসারণ কর্মী, JFMC প্রতিনিধি এবং SHG পদাধিকারী NGO থেকে নিয়মিত প্রশিক্ষণ নেবে।
- প্রাথমিক অবস্থায় বন সম্প্রসারণ কর্মীরা SHG সদস্যদের শিথিয়ে দেবে মাসিক উন্নতির রিপোর্ট JFMC ফরম্যাটে কিভাবে লিখবে, পরবর্তী সময়ে SHG সদস্যরা নিজেরাই রিপোর্ট বানাতে হবে।
- প্রাথমিক অবস্থায় NGOরা বন সম্প্রসারণ কর্মীদের শিথিয়ে দেবে মাসিক রিপোর্ট কিভাবে বানাতে হবে।
- PMU/DMU-র পরামর্শ অনুযায়ী NGOরা বনসুরক্ষা পরিচালন কমিটি (JFMC) ও স্বনির্ভর গোষ্ঠীদের (SHG) থেকে পাওয়া যাবতীয় তথ্য নির্দিষ্ট ফরম্যাটে একত্রিত করে সংবদ্ধ করবে।
- একজন চার্চার্ড অ্যাকাউন্ট নিয়মিত সময় অন্তর অ্যাকাউন্ট বই অডিট করবে।

১৪) বাইরের সহায়ক এজেন্সির যোগদান

- কোন SHG-র প্রস্তাবিত ক্ষুদ্র আকারের শিল্পদ্যোগের ক্ষেত্রে প্রয়োজন হলে PMU এমন কোন সংস্থার সাথে চুক্তি করতে পারে যাদের সেই কাজের উপর অভিজ্ঞতা ও দক্ষতা রয়েছে। যেমন - বিপন্নন / গবেষণা / প্রযুক্তি / উৎপাদনের জন্য ক্ষুদ্রবিত্ত এবং ব্যবসায়িক পরিকল্পনা ইত্যাদি ক্ষেত্রে। এবং তা যেন IGA/ ক্ষুদ্র, ছোট, বড় উদ্যোগের উন্নয়নের জন্য মূল সংস্থার সাথে সাযুজ্য রেখে সম্পন্ন হয়।
- এই সংস্থাগুলি গ্রামীণ ব্যবসায়িক কেন্দ্র গড়ে তুলতে/ প্রকল্প কনসালট্যান্ট-এর সাথে পরামর্শ করে ব্যবসার সম্ভাব্য পরিকল্পনা, টেমপ্লেটস এবং নির্দেশাবলী তৈরী করবে।

(তথ্য সংগ্রহ রেকর্ডিং এবং রিপোর্টিং-এর জন্য প্রয়োজনীয় ফরম্যাট DMU-এর সাথে পরামর্শ করে PMU/PMC প্রস্তুত করবে)

পরিশিষ্ট -১ : ঋণের অবেরদন পত্র

তারিখ :

সভাপতি মহাশয়,

JFMC.....

গ্রাম.....

বিভাগ.....

আমি/আমরা (নাম).....

(অনির্ভর গোষ্ঠীর নাম),..... টাকার ঋণ পেতে আগ্রহী.....

(টাকার পরিমাণ শব্দে লিখুন).....

WBFBCP-এর ক্ষুদ্রবৃত্তি সহায়ক পুঁজি থেকে এই

উদ্দেশ্যে :.....

(প্রকল্পের সম্বন্ধে ছোট করে লিখুন)

আমি/আমরা এই ঋণ শোধ করে দেবমাসের মধ্যে JFMC নির্ধারিত শর্তাবলী মেনে।

আমি/আমরা JFMC দ্বারা নির্ধারিত এই ঋণ সংক্রান্ত সকল নিয়ম/বিধি মেনে চলব।

ধন্যবাদান্তে -

আবেদনকারীর নাম এবং স্বাক্ষর (শীলমোহরের ছাপ সহ)

SHG সভাপতি..... (শীলমোহরের ছাপ সহ)

SHG সম্পাদক..... (শীলমোহরের ছাপ সহ)

SHG কোষাধ্যক্ষ..... (শীলমোহরের ছাপ সহ)

জামিনদারের নাম এবং স্বাক্ষর -১

ঠিকানা.....

জামিনদারের নাম এবং স্বাক্ষর-২

ঠিকানা.....

পরিশিষ্ট -২ : নমুনা বন্ড/চুক্তিপত্র

এই মর্মে সকল পুরুষ ও মহিলাদের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে (নাম).....
..... প্রযত্নে.....

(SHG-র নাম ও ঠিকানা (অতঃপর তাঁকে বলা হবে ঋণগ্রহীতা)
JFMC সভাপতির প্রতি সম্পূর্ণভাবে দায়বদ্ধ থাকবেন..... FMU
..... DMU.....

.....জেলা , পশ্চিমবঙ্গ
আয়বৃদ্ধি কর্মসূচীর জন্য নেওয়া ঋণের টাকা (শব্দে)
..... JFMC দ্বারা অনুমোদিত হয়েছে, অনুমোদন
স্বীকৃতি নম্বর হল....., তারিখ.....

(অতঃপর দেওয়া হল অনুমোদন নোট) অনুমোদন পত্রে উল্লেখিত সকল বিধি নিষেধ এবং শর্তাবলী
মেনে চলতে হবে। কোনভাবে ঋণগ্রহীতা অনুমোদন পত্রে উল্লেখিত বিধি নিষেধ এবং শর্তাবলী লঙ্ঘন
বা চুক্তি ভঙ্গ করলে, কোন রকম চাহিদা বা শর্ত ছাড়া JFMCকে ফেরত দিতে হবে সম্পূর্ণ টাকা
..... (টাকা শব্দে) অথবা শাস্তিমূলক
জরিমানা সহ চাওয়া হতে পারে ঋণগ্রহীতার থেকে বার্ষিক % (.....প্রতি শতাংশ) হারে,
টাকা নেওয়ার রিসিটের তারিখের দিন থেকে JFMCকে শোধ করার শেষ তারিখ অবধি। যদিও ঋণ
শোধ করা থেকে চ্যুত হলে -র আইনি সহায়তা/বিচারবিভাগীয় কর্তৃপক্ষের কাছে আবেদন করার সুযোগ
থাকে। দলিলের ওপর প্রদেয় স্ট্যাম্প শুল্ক বহন করতে সম্মত সাক্ষী সহ এই প্রকৃত দলিল ঋণগ্রহীতার
পক্ষে দিন ও বছর সহ এবং তার ওপরে লিখিত JFMCর জন্য ও পক্ষে গ্রামের
FMU DMU..... জেলা.....
উক্ত দিন এবং বছরে ঋণগ্রহীতার জন্য ও পক্ষে স্বাক্ষর।

ঋণ গ্রহীতা

SHG সভাপতি

SHG সম্পাদক

SHG কোষাধ্যক্ষ

এদের উপস্থিতিতে

সাক্ষী ১

নাম ও ঠিকানা.....

সাক্ষী ২

নাম ও ঠিকানা.....

JFMC হয়ে এবং তরফে (শীল)

ব্যবসা উন্নয়ন পরিকল্পনা (উদাহরণ)

DMU : জলপাইগুড়ি

FMU : বেলাকোবা

গ্রাম : মারিঙ্গাবাড়া

FPC : মারিঙ্গাবাড়া

SHG : অপরাজিতা

স্বত্বভোগী স্বনির্ভর গোষ্ঠী : অনিতা রায়

স্বামী : পিন্টু রায়

প্রস্তাবিত ব্যবসা : চাল প্রস্তুতির ব্যবসা (চাল বানানো)

মূল কাজকর্ম

- বাজার থেকে স্থানীয় বৈচিত্র্যের ভিন্ন ভিন্ন ধান কেনা
- সারা রাত জলে ভিজিয়ে রাখা
- ভেজানো ধান ফেটানো
- খোলা যায়গায় ২ দিন ধরে শুকানো
- কলে ভাঙানো

ক) ব্যবসা দাঁড় করানোর জন্য মূলধন

- চাল ভাহার প্রক্রিয়া গ্রামে বিদ্যমান কারখানাতেই ভাড়াতে করা যেতে পারে

১. এককালীন নির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায় দাম)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	প্লাস্টিক ড্রাম	১	৫০০/-	৫০০/-
২	চটের ব্যাগ		২০০/-	২০০/-
৩	জল ফেটানোর পাত্র	১	৬০০/-	৬০০/-
৪	প্লাস্টিক শীট	১	৩০০/-	৩০০/-
	মোট			৬৫০০/-

২. মাসিক ধারাবাহিক খরচ/অনির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/ প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	ধান কেনা	৫ কুই	১২৫০/কুইন্টাল	৬২৫০/-
২	পরিবহন খরচ	৫ কুই	৫০/কুইন্টাল	২৫০/-
	মোট			৬৫০০/-

খ) ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ) টাকার অঙ্কে (ক_১ + ক_২) (১৬০০ ৬৫০০) = ৮১০০ টাকা

- গ) ১. নিজের অনুদান (খ-এর ১০%) = ৮১০/- টাকা
 ২. ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ)-এর টাকা JFMC থেকে (খ-এর ৯০%) = ৭২৯০/- টাকার

ঘ) সুদ-এর হার ০.৬% প্রতি মাসে ৬ মাসের জন্য গ২-এর (৭২৯০ টাকার ওপর) :- ২৬২/- টাকা

ঙ) JFMCকে শোধ করতে হবে মোট (গ২ + ঘ); (৭২৯০ + ২৬২) টাকা = ৭৫৫২ টাকা

চ) প্রস্তাবিত ব্যবসা থেকে মাসিক আয়ের অভিক্ষেপ

১. চাল ভাঙানোর দাম দিতে হবে কারখানার মালিককে ধানের ভূষি ও ভাঙা শস্য দিয়ে, অর্থাৎ কোন টাকা দেওয়ার ব্যাপার থাকবে না।
২. আশা করা যায় প্রস্তুত করে চাল উৎপাদন হবে ৬৮ কেজি/প্রতি কুইন্টাল, অর্থাৎ ৩.০৬ কুইন্টাল চাল ৪.৫ কুইন্টাল ধান থেকে।
৩. ব্যবসায়ীরা এই প্রস্তুত করা চাল খারখানা থেকেই সরাসরি কিনে নেবে।

সিরিয়াল নং	বিক্রয়ের বিশেষ দিক	পরিমাণ	টাকায় হার	বিক্রয় মূল্য
১	চালের বিক্রির অঙ্ক	৩.৪	৩০০০/প্রতি কুইন্টাল	১০,২০০/-
	সর্ব মোট			১০,২০০/-

ছ) মাসিক লাভ : মাসিক আয় - মাসিক খরচ (১০,২০০/- - ৬,৫০০/-) = ৩৭০০/- টাকা

জ) JFMCকে দেওয়ার সর্বোচ্চ মাসিক কিস্তি হতে পারে :- ১,২৫৯/- টাকা

ঝ) ঋণ শোধ করার জন্য প্রয়োজনীয় সময় (ঙ/জ) : ৬ মাস

ঞ) ক্ষুদ্রবিত্ত সহায়তা খাতে ঋণ শোধ করার পর অতিরিক্ত লাভ (ছ - জ) = ২,৪৪১/- টাকা

প্রস্তুত করা হয়েছে

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সভাপতি

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সম্পাদক

স্বত্বভোগী সদস্য

পরীক্ষিত হয়েছে

JFMC সম্পাদক দ্বারা

বন সম্প্রসারণ কর্মী দ্বারা

NGO প্রতিনিধি দ্বারা

ব্যবসা উন্নয়ন পরিকল্পনা (উদাহরণ)

DMU : জলপাইগুড়ি

FMU : মরাঘাট

গ্রাম : সোনাখালী

FPC : সোনাখালী

SHG : অপরাজিতা

স্বত্বভোগী স্বনির্ভর গোষ্ঠী : ববিতা ওঁরাও স্বামী :

প্রস্তাবিত ব্যবসা : ডালের বড়ি বানানো (কালো কলাই)

মূল কাজকর্ম

- বাজার থেকে অড়হর ডাল (কালো কলাই) কেনা
- সারা রাত জলে ভিজিয়ে রাখা
- ডাল পেষানো
- খোলা যায়গায় ৩ দিন ধরে শুকনো
- বড়ি বানানো

ক) ব্যবসা দাঁড় করানোর জন্য মূলধন

- পুঁজি প্রয়োজন ডাল পেষাই এর জন্য গ্রাইন্ডার-মিক্সার কেনার জন্যে।
- ব্যবসা চালানোর জন্য অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা আছে

১. এককালীন নির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	গ্রাইন্ডার মিক্সার	১	২০০০/-	২০০০/-
	মোট			২০০০/-

২. মাসিক ধারাবাহিক খরচ/অনির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/ প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	অড়হর ডাল (কালো কলাই) কেনা	৪০ কুই	১০০/কুইন্টাল	৪০০০/-
২	বিবিধ খরচ	-	-	৫০০/-
	মোট			৪৫০০/-

- খ) ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ) টাকার অঙ্কে (ক১ + ক২) (২০০০ + ৪৫০০) = ৬৫০০ টাকা

- গ) ১. নিজের অনুদান (খ-এর ১০%) = ৬৫০/- টাকা
 ২. ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ)-এর টাকা JFMC থেকে (খ-এর ৯০%) = ৫৮৫০/- টাকা
- ঘ) সুদ-এর হার ০.৬% প্রতি মাসে ৬ মাসের জন্য গ২-এর (৫৮৫০ টাকার ওপর) :- ২১১/- টাকা
- ঙ) JFMCকে শোধ করতে হবে মোট (গ২ + ঘ); (৫৮৫০ + ২১১) টাকা = ৬০৬১ টাকা
- চ) প্রস্তাবিত ব্যবসা থেকে মাসিক আয়ের অভিক্ষেপ
১. বাড়ি উৎপাদন হবে আনুমানিক ১ কেজি অড়হর ডাল থেকে ১.৪ কেজি
 ২. স্থানীয় বাজার/শহরে উৎপাদিত প্রোডাক্ট বিক্রি করা
- | সিরিয়াল নং | বিক্রয়ের বিশেষ দিক | পরিমাণ | টাকায় হার | বিক্রয় মূল্য |
|-------------|-----------------------------------|---------|------------|---------------|
| ১ | স্থানীয় বিক্রোতার কাছে বাড়ির দর | ৫৬ কেজি | ১৭০/কেজি | ৯৫২০/- |
| | সর্ব মোট | | | ৯৫২০/- |
- ছ) মাসিক লাভ : মাসিক আয় - মাসিক খরচ (৯৫২০/- - ৪,৫০০/-) = ৫০২০/- টাকা
- জ) JFMC কে দেওয়ার সর্বোচ্চ মাসিক কিস্তি হতে পারে :- ১০১০/- টাকা
- ঝ) ঋণ শোধ করার জন্য প্রয়োজনীয় সময় (ঙ/জ) : ৬ মাস
- ঞ) ক্ষুদ্রবিত্ত সহায়তা খাতে ঋণ শোধ করার পর অতিরিক্ত লাভ (ছ - জ) = ৪০১০/- টাকা

প্রস্তুত করা হয়েছে

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সভাপতি

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সম্পাদক

স্বত্বভোগী সদস্য

পরীক্ষিত হয়েছে

JFMC সম্পাদক দ্বারা

বন সম্প্রসারণ কর্মী দ্বারা

NGO প্রতিনিধি দ্বারা

ব্যবসা উন্নয়ন পরিকল্পনা (উদাহরণ)

DMU : বৈকুণ্ঠপুর

FMU : বেলাকোবা

গ্রাম : রাঙারবাড়ি

FPC : রাঙারবাড়ি

SHG : মায়ী-৩

স্বত্বভোগী স্বনির্ভর গোষ্ঠী : হীরামনি রায়

স্বামী : সুশীল রায়

প্রস্তাবিত ব্যবসা : হলুদ গুঁড়ো বানানো

মূল কাজকর্ম

- বাজার থেকে হলুদ কেনা
- পরিষ্কার করা
- কম আঁচে ফেটানো
- খোলা যায়গায় সূর্যের আলোয় ৩ দিন ধরে শুকানো
- মেশিনে পেষাই
- প্যাকেজিং
- মার্কেটিং / বিপনন

ক) ব্যবসা দাঁড় করানোর জন্য মূলধন

- কম আঁচে ফেটানোর জন্য পাত্র প্রয়োজন
- রোদে শুকানোর জন্য প্লাস্টিক শীট

১. এককালীন নির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	ফেটানোর পাত্র	১	১০০০/-	১০০০/-
২	শুকানোর জন্য প্লাস্টিক শীট		৫০০/-	৫০০/-
৩	স্থানীয় ওজন মাপা যন্ত্র/দাঁড়িপাল্লা	১	১০০০/-	১০০০/-
৪	টাটকা ১২ কুইন্টাল হলুদ কেনা	১২ কুই	১০০০/কুই	১২০০০/-
৫	পরিবহন খরচ		৫০০/-	
	মোট			১৫০০০/-

২. মাসিক ধারাবাহিক খরচ/অনির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	জ্বালানী কাঠের খরচ	১ কুই	১০০/কুই	১০০/-
২	পেষাই-এর খরচ	১ কুই	২০০/কুই	২০০/-
৩	প্যাকিং-এর উপাদান	১ কুই	৩০০/-	৪০০/-
	মোট			৭০০/-

- খ) ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ) টাকার অঙ্কে (ক১ + ক২) $(১৫০০০ + ৭০০) = ১৫,৭০০$ টাকা
- গ) ১. নিজের অনুদান (খ-এর ১০%) = $১৫৭০/-$ টাকা
 ২. ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ)-এর টাকা JFMC থেকে (খ-এর ৯০%) = $১৪,১৩০/-$ টাকা
- ঘ) সুদ-এর হার ০.৬% প্রতি মাসে ৬ মাসের জন্য গ২-এর $(১৪১৩০$ টাকার ওপর) $ঃ- ৫০৮/-$ টাকা
- ঙ) JFMCকে শোধ করতে হবে মোট (গ২ + ঘ); $(১৪১৩০ + ৫০৮)$ টাকা = ১৪৬৩৮ টাকা
- চ) প্রস্তাবিত ব্যবসা থেকে মাসিক আয়ের অভিক্ষেপ
১. গুঁড়ো হলুদ উৎপাদন হবে আনুমানিক ৪০%

সিরিয়াল নং	বিক্রয়ের বিশেষ দিক	পরিমাণ	টাকায় হার	বিক্রয় মূল্য
১	হলুদ গুঁড়োর বিক্রয় মূল্য	০.৪কুই	১৫,০০০/কুই	৬০০০/-
	সর্ব মোট			৬০০০/-

- ছ) মাসিক লাভ $ঃ$ মাসিক আয় - মাসিক খরচ $(৬০০০/- - ৭০০/-) = ৫৩০০/-$ টাকা
- জ) JFMC কে দেওয়ার সর্বোচ্চ মাসিক কিস্তি হতে পারে $ঃ- ২৪৪০/-$ টাকা
- ঝ) ঋণ শোধ করার জন্য প্রয়োজনীয় সময় (ঙ/জ) $ঃ ৬$ মাস
- ঞ) ক্ষুদ্রবিত্ত সহায়তা খাতে ঋণ শোধ করার পর অতিরিক্ত লাভ $(ছ - জ) = ২৮৬০/-$ টাকা

প্রস্তুত করা হয়েছে

- স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সভাপতি
- স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সম্পাদক
- স্বত্বভোগী সদস্য

পরীক্ষিত হয়েছে

- JFMC সম্পাদক দ্বারা
- বন সম্প্রসারণ কর্মী দ্বারা
- NGO প্রতিনিধি দ্বারা

ব্যবসা উন্নয়ন পরিকল্পনা (উদাহরণ)

DMU : বৈকুণ্ঠপুর

FMU : বেলাকোবা

গ্রাম : দেবানিয়া পাড়া

FPC : দেবানিয়া পাড়া

SHG : উন্নয়ন স্বনির্ভর দল

স্বত্বভোগী স্বনির্ভর গোষ্ঠী : বেলিদাস রায়

স্বামী : খুশী লাল রায়

প্রস্তাবিত ব্যবসা : মসুর ডালের বড়ি বানানো

মূল কাজকর্ম

- মসুর ডাল এবং কালো জিরে বাজার থেকে কেনা
- সারা রাত মসুর ডাল জলে ভিজিয়ে রাখা
- জল ছেঁকে নেওয়া
- মিক্সার গ্রাইন্ডার ডাল পেষাই করা
- বড়ি বানানো ও খোলা যায়গায় ২-৩ দিন ধরে শুকানো

ক) ব্যবসা দাঁড় করানোর জন্য মূলধন

- পুঁজি প্রয়োজন ডাল পেষাই এর জন্য গ্রাইন্ডার-মিক্সার কেনার, ফোটানোর পাত্র এবং প্লাস্টিক শীট কেনার জন্যে।

১. এককালীন নির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	গ্রাইন্ডার মিক্সার	১	২০০০/-	২০০০/-
২	ফোটানোর পাত্র (গামলা)	১	৫০০/-	৫০০/-
৩	বড়ি শুকানোর প্লাস্টিক		৫০০/-	৫০০/-
	মোট			৩০০০/-

২. মাসিক ধারাবাহিক খরচ/অনির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	মসুর ডাল কেনা	৫০ কেজি	১০০/কেজি	৫০০০/-
২	কালো জিরে	১ কেজি	২০০/কেজি	২০০/-
	মোট			৫২০০/-

- খ) ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ) টাকার অঙ্কে (ক_১ + ক_২) (৩০০০ + ৫২০০) = ৮,২০০ টাকা

- গ) ১. নিজের অনুদান (খ-এর ১০%) = ৮২০/- টাকা
 ২. ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ)-এর টাকা JFMC থেকে (খ-এর ৯০%) = ৭৩৮০/- টাকা
- ঘ) সুদ-এর হার ০.৬% প্রতি মাসে ৬ মাসের জন্য গ২-এর (৭৩৮০ টাকার ওপর) :- ২৬৬/- টাকা
- ঙ) JFMCকে শোধ করতে হবে মোট (গ২ + ঘ); (৭৩৮০ + ২৬৬) টাকা = ৭৬৪৬/- টাকা
- চ) প্রস্তাবিত ব্যবসা থেকে মাসিক আয়ের অভিক্ষেপ
১. বড়ি উৎপাদন হবে আনুমানিক ১.৩ কেজি/ প্রতি কেজি মসুর ডাল থেকে অর্থাৎ মোট ৬৫ কেজি বড়ি।
২. স্থানীয় বাজার/শহরে উৎপাদিত প্রোডাক্ট বিক্রি করা
- | সিরিয়াল নং | বিক্রয়ের বিশেষ দিক | পরিমাণ | টাকায় হার | বিক্রয় মূল্য |
|-------------|---------------------|---------|------------|---------------|
| ১ | ডালের বড়ি বিক্রি | ৬৫ কেজি | ১৬০/কেজি | ১০,৪০০/- |
| | সর্ব মোট | | | ১০,৪০০/- |
- ছ) মাসিক লাভ : মাসিক আয় - মাসিক খরচ (১০.৪০০/- - ৫,২০০/-) = ৫২০০/- টাকা
- জ) JFMC কে দেওয়ার সর্বোচ্চ মাসিক কিস্তি হতে পারে :- ১২৭৪/- টাকা
- ঝ) ঋণ শোধ করার জন্য প্রয়োজনীয় সময় (ঙ/জ) : ৬ মাস
- ঞ) ক্ষুদ্রবিত্ত সহায়তা খাতে ঋণ শোধ করার পর অতিরিক্ত লাভ (ছ - জ) = ৩৯২৬/- টাকা

প্রস্তুত করা হয়েছে

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সভাপতি

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সম্পাদক

স্বত্বভোগী সদস্য

পরীক্ষিত হয়েছে

JFMC সম্পাদক দ্বারা

বন সম্প্রসারণ কর্মী দ্বারা

NGO প্রতিনিধি দ্বারা

ব্যবসা উন্নয়ন পরিকল্পনা (উদাহরণ)

DMU : জলপাইগুড়ি

FMU : নাথুয়া

গ্রাম : মাঝিয়ালি

FPC : মাঝিয়ালি

SHG : আশা

স্বত্বভোগী স্বনির্ভর গোষ্ঠী : লক্ষ্মী রায়

স্বামী : প্রদীপ রায়

প্রস্তাবিত ব্যবসা : উন্নত প্রক্রিয়ায় চার প্রস্তুতির ব্যবসা

মূল কাজকর্ম

- বাজার থেকে স্থানীয় ভিন্ন ধরনের ধান কেনা
- সারা রাত জলে ভিজিয়ে রাখা
- ভেজানো ধান ফোটানো
- খোলা যায়গায় ২ দিন ধরে শুকানো
- ভাড়া করা কারখানার কলে ধান ভাঙানো

ক) ব্যবসা দাঁড় করানোর জন্য মূলধন

- ধান ফোটানো আর শুকানোর সুবিধে আছে স্বত্বভোগীদের কাছে।
- গ্রামে অবস্থিত কারখানায় ভাডায় ধান ভাঙানো বা চাল বানানোর প্রক্রিয়া সম্পন্ন হবে।
- ফলত স্থায়ী খরচা হিসেবে কোন পুঁজি লাগবে না।

১. এককালীন নির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	প্রয়োজন নেই	-	-	-
	মোট			-

২. মাসিক ধারাবাহিক খরচ/অনির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	ধান কেনা	৪.৮ কুই	১২৫০/কেজি	৬০০০/-
২	পরিবহন খরচ	৪.৮ কুই	৫০/কুইন্টাল	২৪০/-
	মোট			৬২৪০/-

- খ) ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ) টাকার অঙ্কে (ক_১ + ক_২) (০০.০০ + ৬২৪০) = ৬,২৪০ টাকা

- গ) ১. নিজের অনুদান (খ-এর ১০%) = ৬২৪/- টাকা
 ২. ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ)-এর টাকা JFMC থেকে (খ-এর ৯০%) = ৫৬১৬/- টাকা
- ঘ) সুদ-এর হার ০.৬% প্রতি মাসে ৬ মাসের জন্য গ২-এর (৫৬১৬ টাকার ওপর) :- ২০২/- টাকা
- ঙ) JFMCকে শোধ করতে হবে মোট (গ২ + ঘ); (৫৬১৬ + ২০২) টাকা = ৫৮১৮/- টাকা
- চ) প্রস্তাবিত ব্যবসা থেকে মাসিক আয়ের অভিক্ষেপ
১. চাল ভাঙানোর দাম দিতে হবে কারখানার মালিককে ধানের ভূমি ও ভাঙা শস্য দিয়ে অর্থাৎ কোন টাকা দেওয়ার ব্যাপারে থাকবে না।
 ২. সম্ভাব্য উৎপাদিত চাল হবে ৬৮ কেজি/প্রতি কুইন্টাল ধান থেকে অর্থাৎ ৩.২৬ কুইন্টাল চাল ৪.৫ কুইন্টাল ধান থেকে।

সিরিয়াল নং	বিক্রয়ের বিশেষ দিক	পরিমাণ	টাকায় হার	বিক্রয় মূল্য
১	প্রস্তুত করা চালের দাম	৬৫ কেজি	৩০০০/প্রতি কুইন্টাল	৯,৭৮০/-
	সর্ব মোট			৯,৭৮০/-

- ছ) মাসিক লাভ : মাসিক আয় - মাসিক খরচ (৯,৭৮০/- - ৬২৪০/-) = ৩৫৪০/- টাকা
- জ) JFMC কে দেওয়ার সর্বোচ্চ মাসিক কিস্তি হতে পারে :- ৯৭০/- টাকা
- ঝ) ঋণ শোধ করার জন্য প্রয়োজনীয় সময় (ঙ/জ) : ৬ মাস
- ঞ) ক্ষুদ্রবিত্ত সহায়তা খাতে ঋণ শোধ করার পর অতিরিক্ত লাভ (ছ - জ) = ২৭৫০/- টাকা

প্রস্তুত করা হয়েছে

- স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সভাপতি
- স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সম্পাদক
- স্বত্বভোগী সদস্য

পরীক্ষিত হয়েছে

- JFMC সম্পাদক দ্বারা
- বন সম্প্রসারণ কর্মী দ্বারা
- NGO প্রতিনিধি দ্বারা

ব্যবসা উন্নয়ন পরিকল্পনা (উদাহরণ)

DMU : বৈকুণ্ঠপুর

FMU : বেলাকোষা

গ্রাম : বোদাগঞ্জ

FPC : বোদাগঞ্জ

SHG : সবসার্থী

স্বত্বভোগী স্বনির্ভর গোষ্ঠী : দীপিকা বর্মন

স্বামী : শ্যামল বর্মন

প্রস্তাবিত ব্যবসা : মড়ি বানানোর ব্যবসা

মূল কাজকর্ম

- বাজার থেকে ধান কেনা
- সারা রাত জলে ভিজিয়ে রাখা
- কম আঁচে ভেজানো ধান ফোটানো
- জল থেকে ছেকে নেওয়া
- খোলা যায়গায় ২ দিন ধরে শুকানো
- ধান ভাঙানো
- পরিষ্কার করা ও ধোওয়া
- তেল ও মশলা মেশানো
- চাল ভেজে মুড়ি তৈরী করা

ক) ব্যবসা দাঁড় করানোর জন্য মূলধন

- ধান ফোটানো আর শুকানোর ব্যবস্থা নেই তাই ফোটানোর পাত্র, বাজার কড়াই ও বেতের বুড়ি কিনতে হবে।

১. এককালীন নির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	ফোটানোর পাত্র	১	১০০০/-	১০০০/-
২	বাজার কড়াই	১	১০০০/-	১০০০/-
৩	বেতের বুড়ি ও গনি ব্যাগ	১	১০০০/-	১০০০/-
	মোট			৩০০০/-

২. মাসিক ধারাবাহিক খরচ/অনির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	ধান কেনা	৪ কুই	১২৫০/কুইন্টাল	৫০০০/-
২	তেল ও মশলা কেনা			১০০/-
৩	পরিবহন খরচ	৪ কুই	৫০/কুইন্টাল	২০০/-
৪	জ্বালানী কাঠ			১০০/-
৫	কলে ভাঙানোর খরচ	৪ কুই	১০০/কুইন্টাল	২০০/-
	মোট			৫৬০০/-

- খ) ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ) টাকার অঙ্কে (ক১ + ক২) (৩০০০ + ৫৬০০) = ৮,৬০০ টাকা
- গ) ১. নিজের অনুদান (খ-এর ১০%) = ৮৬০/- টাকা
 ২. ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ)-এর টাকা JFMC থেকে (খ-এর ৯০%) = ৭৭৪০/- টাকা

ঘ) সুদ-এর হার ০.৬% প্রতি মাসে ৬ মাসের জন্য গ২-এর (৭৭৪০ টাকার ওপর) :- ২৭৯/- টাকা

ঙ) JFMCকে শোধ করতে হবে মোট (গ২ + ঘ); (৭৭৪০ + ২৭৯) টাকা = ৮০১৯/- টাকা

চ) প্রস্তাবিত ব্যবসা থেকে মাসিক আয়ের অভিক্ষেপ

- সম্ভাব্য উৎপাদিত মুড়ি হবে ৫৫% অর্থাৎ ২.২ কুইন্টাল মুড়ি হবে ৪ কুইন্টাল ধান থেকে।
- স্থানীয় বাজারে ব্যবসায়ীদের কাছে বিক্রি

সিরিয়াল নং	বিক্রয়ের বিশেষ দিক	পরিমাণ	টাকায় হার	বিক্রয় মূল্য
১	মুড়ি বিক্রি	২.২	৫০০০/প্রতি কুই	১১,০০০/-
	সর্ব মোট			১১,০০০/-

ছ) মাসিক লাভ : মাসিক আয় - মাসিক খরচ (১১,০০০/- - ৫,৬০০/-) = ৫,৪০০/- টাকা

জ) JFMC কে দেওয়ার সর্বোচ্চ মাসিক কিস্তি হতে পারে :- ১৩৩৭/- টাকা

ঝ) ঋণ শোধ করার জন্য প্রয়োজনীয় সময় (ঙ/জ) : ৬ মাস

ঞ) ক্ষুদ্রবিত্ত সহায়তা খাতে ঋণ শোধ করার পর অতিরিক্ত লাভ (ছ - জ) = ৪০৬৩/- টাকা

প্রস্তুত করা হয়েছে

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সভাপতি

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সম্পাদক

স্বত্বভোগী সদস্য

পরীক্ষিত হয়েছে

JFMC সম্পাদক দ্বারা

বন সম্প্রসারণ কর্মী দ্বারা

NGO প্রতিনিধি দ্বারা

ব্যবসা উন্নয়ন পরিকল্পনা (উদাহরণ)

DMU : জলপাইগুড়ি

FMU : নাথুয়া

গ্রাম : গোধিয়ারকুঠি

FPC : গোধিয়ারকুঠি

SHG : উজ্জ্বল স্মৃতি

স্বত্বভোগী স্বনির্ভর গোষ্ঠী : শম্পা রায়

স্বামী : রঞ্জন রায়

প্রস্তাবিত ব্যবসা : বর্তমানে বিদ্যমান চিড়ের থেকে উন্নত পদ্ধতিতে চিড়ে বানানো

মূল কাজকর্ম

- স্থানীয় বৈচিত্রের ধান বাজার থেকে কেনা
- সারা রাত জলে ভিজিয়ে রাখা
- কম আঁচে ভেজানো ধান ফোটানো
- চিড়ে বানানোর করে চিড়ে তৈরী করা

ক) ব্যবসা দাঁড় করানোর জন্য মূলধন

- স্বত্বভোগীদের কাছে ধান ফোটানো আর শুকানোর ব্যবস্থা আছে
- গ্রামে অবস্থিত কারখানায় ভাড়ায় ধান ভাঙানোর প্রক্রিয়া সম্পন্ন হবে
- স্বত্বভোগীর কাছে ফোটানো, শুকানো, জলের গামলা ইত্যাদির ব্যবস্থা আছে
- ফলত স্থায়ী খরচা হিসেবে কোন পুঁজি লাগবে না।

১. এককালীন নির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	প্রয়োজন নেই	-	-	-
	মোট			-

২. মাসিক ধারাবাহিক খরচ/অনির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	বাজার থেকে ধান কেনা	৪.৮ কুই	১২৫০/কুই	৬০০০/-
২	পরিবহন খরচ	৪.৮ কুই	৫০/কুই	২৪০/-
৩	চিড়ে বানানোর খরচ	৪.৮ কুই	৩০০/কুই	১৪৪০/-
	মোট			৭৬৮০/-

খ) ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ) টাকার অঙ্কে (ক১ + ক২) (০০ + ৭৬৮০) = ৭,৬৮০ টাকা

- গ) ১. নিজের অনুদান (খ-এর ১০%) = ৭৬৮/- টাকা
 ২. ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ)-এর টাকা JFMC থেকে (খ-এর ৯০%) = ৬৯১২/- টাকা
- ঘ) সুদ-এর হার ০.৬% প্রতি মাসে ৬ মাসের জন্য গ২-এর (৬৯১২টাকার ওপর) :- ২৪৯/- টাকা
- ঙ) JFMCকে শোধ করতে হবে মোট (গ২ + ঘ); (৬৯১২ + ২৪৯) টাকা = ৭১৬১/- টাকা
- চ) প্রস্তাবিত ব্যবসা থেকে মাসিক আয়ের অভিক্ষেপ
১. সম্ভাব্য উৎপাদিত চিড়ে হবে কাঁচামালের ৭৫% অর্থাৎ ৩.৬ কুইন্টাল হবে ৪.৮ কুইন্টাল ধান থেকে।
২. ব্যবসায়ীরা সরাসরি কারখানা থেকেই চিড়ে কিনে নেবে।
- | সিরিয়াল নং | বিক্রয়ের বিশেষ দিক | পরিমাণ | টাকায় হার | বিক্রয় মূল্য |
|-------------|---------------------|---------|----------------|---------------|
| ১ | চিড়ে বিক্রি | ৩.৬ কুই | ৩০০০/প্রতি কুই | ১০,৮০০/- |
| | সর্ব মোট | | | ১০,৮০০/- |
- ছ) মাসিক লাভ : মাসিক আয় - মাসিক খরচ (১০,৮০০/- - ৭,৬৮০/-) = ৩,১২০/- টাকা
- জ) JFMC কে দেওয়ার সর্বোচ্চ মাসিক কিস্তি হতে পারে :- ১১৯৪/- টাকা
- ঝ) ঋণ শোধ করার জন্য প্রয়োজনীয় সময় (ঙ/জ) : ৬ মাস
- ঞ) ক্ষুদ্রবিত্ত সহায়তা খাতে ঋণ শোধ করার পর অতিরিক্ত লাভ (ছ - জ) = ১৯২৬/- টাকা

প্রস্তুত করা হয়েছে

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সভাপতি

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সম্পাদক

স্বত্বভোগী সদস্য

পরীক্ষিত হয়েছে

JFMC সম্পাদক দ্বারা

বন সম্প্রসারণ কর্মী দ্বারা

NGO প্রতিনিধি দ্বারা

ব্যবসা উন্নয়ন পরিকল্পনা (উদাহরণ)

DMU : জলপাইগুড়ি

FMU : মরাঘাট

গ্রাম : সোনাখালি

FPC : মারিঙ্গাঝাড়া

SHG : বন সংলগ্ন গ্রাম সোনাখালি

স্বত্বভোগী স্বনির্ভর গোষ্ঠী : কিরণ খেরিয়া পিতা : বুধওয়া খেরিয়া

প্রস্তাবিত ব্যবসা : শূকরের মাংসের ব্যবসা

মূল কাজকর্ম

- সাপ্তাহিক হিসেবে বাজার থেকে শূকর কেনা
- মাংস বিক্রির জন্য জবাই করা
- সপ্তাহের শেষে হাটে মাংস বিক্রি করা

ক) ব্যবসা দাঁড় করানোর জন্য মূলধন

- স্থায়ী খরচা হিসেবে কোন পুঁজি লাগবে না।

১. এককালীন নির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায় দাম)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	প্রয়োজন নেই	-	-	-
	মোট			-

২. মাসিক ধারাবাহিক খরচ/অনির্দিষ্ট খরচ

সিরিয়াল নং	আইটেম	পরিমাণ	হার (টাকায়/ প্রতি ইউনিট)	টাকার পরিমাণ (টাকার মূল্যে)
১	১টি করে শূকর প্রতি সপ্তাহে	১ টি	১২,০০০/কেজি	১২,০০০/-
২	পরিবহন খরচ	১টি	১০০/শূকর	১০০/-
৩	জবাই করার খরচ	১টি	৩০০/ শূকর	৩০০/-
৪	আনুসঙ্গিক বিবিধ খরচ		১০০	১০০/-
	মোট			১২,৫০০/-

- খ) ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ) টাকার অঙ্কে (ক_১ + ক_২) (০০ + ১২,৫০০) = ১২,৫০০ টাকা

- গ) ১. নিজের অনুদান (খ-এর ২০%) = ২৫০০/- টাকা
 ২. ক্ষুদ্রবিত্ত সহায়তায় প্রয়োজনীয় পুঁজি (ঋণ)-এর টাকা JFMC থেকে (খ-এর ৯০%) = ১০,০০০/- টাকার
- ঘ) সুদ-এর হার ০.১৫% হারে প্রতি সপ্তাহে ৮ সপ্তাহের জন্য গ-এর ২ (১০,০০০ টাকার ওপর) :- ১২০/- টাকা
- ঙ) JFMCকে শোধ করতে হবে মোট (গ২ + ঘ); (১০,০০০ + ১২০) টাকা = ১০,১২০ টাকা

চ) প্রস্তাবিত ব্যবসা থেকে মাসিক আয়ের অভিক্ষেপ

১. মোট মাসের পরিমাণ আনুমানিক ৮০ কেজি।

সিরিয়াল নং	বিক্রয়ের বিশেষ দিক	পরিমাণ	টাকায় হার	বিক্রয় মূল্য
১	প্রতি সপ্তাহে স্থানীয় হাটে ৮০ কেজি মাংস	৮০ কেজি	২০০/কেজি	১৬,০০০/-
	সর্ব মোট			১৬,০০০/-

- ছ) সপ্তাহিক লাভ : সপ্তাহিক আয় - সপ্তাহিক খরচ (১৬,০০০/- - ১২,৫০০/-) = ৩৫০০/- টাকা
- জ) JFMCকে দেওয়ার সর্বোচ্চ সাপ্তাহিক কিস্তি হতে পারে :- ১,২৬৫/- টাকা
- ঝ) ঋণ শোধ করার জন্য প্রয়োজনীয় সময় (ঙ/জ) : ৮ সপ্তাহ
- ঞ) ক্ষুদ্রবিত্ত সহায়তা খাতে ঋণ শোধ করার পর অতিরিক্ত লাভ (ছ - জ) = ২,২৩৫/- টাকা
- ট) মাসিক আয় ৮৯৪০/- টাকা

প্রস্তুত করা হয়েছে

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সভাপতি

স্বনির্ভর গোষ্ঠীর (SHG) সম্পাদক

স্বত্বভোগী সদস্য

পরীক্ষিত হয়েছে

JFMC সম্পাদক দ্বারা

বন সম্প্রসারণ কর্মী দ্বারা

NGO প্রতিনিধি দ্বারা